REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 12-11-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৫ নভেম্বর ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যে ৫০টি একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের ভার্চুয়ালি উদ্বোধন করবেন।

(২) আসন্ন পুর নির্বাচনের জন্য ভোটকর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ চলছে।

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মাদকাসক্তির বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধিতে গুরুত্ব দিতে সংবাদমাধ্যমের প্রতি বিশেষ আহ্বান জানিয়েছেন ।

(৪) আগামী ফেব্রুয়ারি মাসে, আগরতলায় পূর্বোত্তর রাজ্যগুলোর "কমন-ওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন"-এর তৃতীয় আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হবে।

****

JANAJATI GAURAV DIVAS-TRIPURA:

জনজাতি গৌরব দিবস উপলক্ষে আগামী ১৫ নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যে ৫০টি একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের ভার্চুয়ালি উদ্বোধন করবেন। এরমধ্যে রয়েছে ধলাই জেলার ছামনুর মানিকপুরে নবনির্মিত একলব্য মডেল আবাসিক বিদ্যালয়। ঐদিন এই স্কুলটিতে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা ও বিধায়ক শম্ভুলাল চাকমা। বিধায়ক শম্ভুলাল চাকমা জানান, এই বিদ্যালয়ের উদ্বোধন জনজাতি ছাত্রছাত্রীদের শিক্ষার সুযোগ সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের মূল লক্ষ্য হলো জনজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের গুণগত আবাসিক শিক্ষা প্রদান এবং তাঁদের শিক্ষার সুযোগ আরও প্রসারিত করা।

****

Election-1:

আসন্ন পুর নির্বাচনের জন্য ভোটকর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ চলছে| রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন আজ এখবর জানিয়েছেন৷ তিনি জানান, এই প্রশিক্ষণে ইলেকট্রনিক ভোটিং মেশিন অর্থাৎ ইভিএম পরিচালনার হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আগামী ১৮ থেকে ২০ নভেম্বরের মধ্যে ইভিএম কমিশনিংয়ের কাজ সম্পন্ন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। কমিশন সচিব আরও জানান, ভোটকর্মীদের ভোটদানের জন্য পোস্টাল ব্যালটের ব্যবস্থাও করা হচ্ছে৷ অবাধ, সুষ্ঠু, ও শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন কমিশন সবধরনের প্রস্তুতি নিচ্ছে|

****

Election-2:

শ্রী সেন আরও জানান, আগরতলা পুর নিগম সহ রাজ্যের পুর ও নগর পঞ্চায়েত নির্বাচনে ব্যালেট পেপার ছাপানোর কাজ শুরু হয়েছে। আগামী ১৬ই নভেম্বরের মধ্যে এই সমস্ত ব্যালেট পেপার সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারদের কাছে পৌঁছে দেওয়া হবে|

****

MP Biplab Kumar Deb-Sonamura:

সোনামুড়া টাউন হলে আজ বিজেপির সিপাহীজলা জেলাভিত্তিক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়| বৈঠকে উপস্থিত ছিলেন সাংসদ তথা বিজেপির

সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিপ্লব কুমার দেব, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিজেপির সিপাহীজলা দক্ষিণাংশ কমিটির সভাপতি প্রসেনজিৎ ঘোষ প্রমুখ।

বৈঠক শেষে সাংসদ বিপ্লব দেব সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে গিয়ে বক্সনগরের আশাবাড়িতে বিএসএফের ওপর হামলার ঘটনার তীব্র নিন্দা জানান। তিনি বলেন, মুখ্যমন্ত্রী বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছেন। এই ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় তারজন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে|

****

BJP-MLA:

বিজেপি বিধায়ক তোফাজ্জল হোসেনকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে প্রদেশ বিজেপির শৃঙ্খলা রক্ষা কমিটি। নোটিশে উল্লেখ করা হয়, সম্প্রতি বিধায়ক তোফাজ্জল হোসেন রাজ্যের মুখ্যমন্ত্রী ও প্রাক্তন মুখ্যমন্ত্রীর নাম নিয়ে যেভাবে কল্পনাপ্রসূত প্রচার করেছেন তা রাজ্যের জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। তাছাড়া তিনি একাংশ জনগনের খাদ্যাভাষ সহ দৈনন্দিন জীবনযাপন নিয়ে আপত্তিকর মন্তব্য উপস্থাপন করায় সংশ্লিষ্ঠ মহলে গভীর অসন্তোষ ও উদ্বেগ সৃষ্টি হয়েছে। এই পরিপ্রেক্ষিতে বিজেপি দলের পক্ষ থেকে কেন তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এই বিষয়ে আগামী ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশের উপযুক্ত জবাব দিতে বিধায়ক তোফাজ্জল হোসেনকে নির্দেশ দেওয়া হয়েছে|

****

Public Service Broadcasting Day:

আজ জনসম্প্রচার দিবস। ১৯৪৭ সালের এই দিনে জাতির জনক মহাত্মা গান্ধী প্রথমবারের মতো নতুন দিল্লির আকাশবাণী কেন্দ্রে পদার্পণ করেন। দেশভাগের

কারণে বাস্তুচ্যুত হয়ে কুরুক্ষেত্রে আশ্রয় নেওয়া শরণার্থীদের উদ্দেশে তিনি আকাশবাণীর মাধ্যমে বিশেষ বার্তা দেন। ঐতিহাসিক এই ঘটনার স্মরণে প্রতি বছর ১২ই নভেম্বর জনসম্প্রচার দিবস হিসেবে পালন করা হয়।

****

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে| ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****

PM- DIWALI CELEBRATION:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মাদকাসক্তির বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধিতে গুরুত্ব দিতে সংবাদমাধ্যমের প্রতি বিশেষ আহ্বান জানিয়েছেন| আজ নয়াদিল্লিতে ভারতীয় জনতা পার্টির কেন্দ্রীয় সদর দপ্তরে আয়োজিত ‘দীপাবলি মিলন’ অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। তিনি ভারতের তরুণ প্রজন্ম, প্রতিভা এবং প্রযুক্তির শক্তিকে কাজে লাগিয়ে বিশ্বের দরবারে ‘দ্য ইন্ডিয়া স্টোরি’-কে যথাযথভাবে তুলে ধরার ওপর গুরুত্ব আরোপ করার জন্যও সংবাদ মাধ্যমের

প্রতি আহ্বান জানান। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে মাদকাসক্তির ভয়াবহতা নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, দেশের যুবসমাজকে এই মারাত্মক ব্যাধি থেকে দূরে রাখতে হবে। তিনি বলেন, সংবাদমাধ্যম যখন সামাজিকভাবে তাৎপর্যপূর্ণ বিষয়গুলিকে, বিশেষ করে যে বিষয়গুলি জাতীয় ঐক্যকে সুদৃঢ় করে, তা ব্যাপকভাবে আলোকপাত এবং নিজেদের আলোচনায় অন্তর্ভুক্ত করে, তখন তা 'বিকশিত ভারত' গঠনের লক্ষ্যকে আরও ত্বরান্বিত করে।"

######### Byte PM #########

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আয়োজিত এই বিশেষ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা সহ দলের শীর্ষ নেতৃবৃন্দ।

****

Workshop Decriminalization:

রাজ্যস্তরে অপরাধমুক্তকরণ সংস্কার এবং ব্যবসায়িক পরিবেশের উন্নয়ন নিয়ে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিকে নিয়ে এক কর্মশালা আজ আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হয়। রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা কর্মশালার উদ্বোধন করে বলেন, ব্যবসায়িক সংস্কার কার্যকর করতে রাজ্য ও জেলা স্তরের আধিকারিকদের মধ্যে সমন্বয় ও সহযোগিতা জরুরি। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে বলেন, বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তুলে ত্রিপুরাকে উত্তর-পূর্বাঞ্চলের অন্যতম বিনিয়োগ কেন্দ্রে পরিণত করার লক্ষ্যে কাজ চলছে। কর্মশালায় উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের প্রতিনিধিরা অংশ নেন। কর্মশালায় স্বাগত ভাষণ রাখতে গিয়ে ডিপিআই আই টির অধিকর্তা রাকেশ কুমার প্রজাপতি বলেন, এই কর্মশালার মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলীয়

রাজ্যগুলির মধ্যে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় সমন্বয় বৃদ্ধি এবং ব্যবসা-বাণিজ্যের অনুকূল পরিবেশ সৃষ্টি লক্ষ্যে সংস্কার মূলক উদ্যোগকে আরো ত্বরান্বিত করার পথ সুগম হবে।

এই কর্মশালায় উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের শীর্ষস্থানীয় নীতিনির্ধারক, কারিগরি বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট আধিকারিকরা অংশগ্রহণ করেন। সংস্কারমূলক উদ্যোগের অগ্রগতি পর্যালোচনা, সর্বোত্তম কর্মপদ্ধতি বিনিময় এবং একটি সমন্বিত সংস্কার কর্মসূচি প্রণয়ন করাই ছিল এই কর্মশালার মূল উদ্দেশ্য। জাতীয় ও রাজ্যস্তরে অপরাধমুক্তকরণ সংস্কারের সঙ্গে যুক্ত আধিকারিকদের পাশাপাশি DPIIT-এর প্রতিনিধিরাও এতে অংশ নেন।

****

Assembly Speaker:

পারস্পরিক সহযোগিতা ও গনতান্ত্রিক চর্চা বৃদ্ধিতে আগামী বছরের ফেব্রুয়ারি মাসে, আগরতলায় পূর্বোত্তর রাজ্যগুলোর "কমন-ওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন" এর তৃতীয় আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হবে। উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের বিধানসভার অধ্যক্ষ-উপাধ্যক্ষ ও বিধায়কগণ এতে অংশ নেবেন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সহ রাজ্যসভা ও লোকসভার প্রায় আশিজন সাংসদ এতে যোগদানের কথা রয়েছে। আগত প্রতিনিধিরা রাজ্যের বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করার কথা রয়েছে। এজন্য আজ রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া'র নেতৃত্বে এক প্রতিনিধি দল কৈলাশহরের প্রত্নভূমি শৈবতীর্থ ঊনকোটি পরিদর্শন করেন।

রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া এক সাক্ষাৎকারে আমাদের জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানান, আগামী বছরের ১২ এবং ১৩ই ফেব্রুয়ারি আগরতলা'তে কমন-ওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন এর

সম্মেলন অনুষ্ঠিত হবার কথা রয়েছে। এদিকে জমাতিয়া হদা'র উদ্যোগে আগামী তেইশ ও চব্বিশে নভেম্বর শৈবতীর্থ ঊনকোটি'তে কীর্তন ও সাব্রুইখুং পূজা অনুষ্ঠিত হবে। অধ্যক্ষ শ্রী জমাতিয়া এই অনুষ্ঠানের প্রস্তুতিও আজ খতিয়ে দেখেন|

****

Assam Rifles:

আসাম রাইফেলসের পক্ষ থেকে আজ আগরতলার কুঞ্জবনে মাদার টেরেসা বৃদ্ধাশ্রমে এক বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিতে বৃদ্ধাশ্রমের প্রায় ৬০ জন মহিলার হাতে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী ও মিষ্টি তুলে দেওয়া হয়। পাশাপাশি, তাঁদের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ আলাপচারিতায় অংশ নেন আসাম রাইফেলসের আধিকারিকগণ।

****

Weather:

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। দক্ষিণ জেলা, গোমতী ও সিপাহীজলা জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা ও ভোরের দিকে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস।

****

****